

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৯৫

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪২৮  
০৯ আগস্ট, ২০২১

বিষয়: ২০২১ সালের আলিম পরীক্ষার্থীদের জন্য প্রণীত ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিডসহ কভার পৃষ্ঠা প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.৩; তারিখ: ২৬ জুলাই, ২০২১ খ্রি.  
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৮১; তারিখ: ২৭ জুলাই, ২০২১ খ্রি.  
(৩) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০৩.৭৪.০০১.২১.২; তারিখ: ০২ আগস্ট, ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রেরিত ২০২১ সালের আলিম পরীক্ষার্থীদের জন্য পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত প্রথম ধাপে ০২ (দুই) সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও অ্যাসাইনমেন্ট গ্রিড প্রেরণ করা হয় (সূত্রোক্ত ১)। তৎপ্রেক্ষিতে অ্যাসাইনমেন্ট গ্রিডের নির্দেশনা মোতাবেক ১ম ও ২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও অ্যাসাইনমেন্ট গ্রিড ওয়েবসাইটে আপলোড করাসহ (সূত্রোক্ত ২) মাদ্রাসার ই-মেইলে প্রেরণ করা হয়। পরবর্তীতে (সূত্রোক্ত ৩) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) পূর্ণাঙ্গ অ্যাসাইনমেন্ট অত্র অধিদপ্তরে প্রেরণ করে। এই ধারাবাহিকতায় ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট (হাদিস ও উসুলুল হাদিস, বালাগাত ও মানতিক, তাজভিদ ১ম পত্র এবং রসায়ন) ও সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিডসহ কভার পৃষ্ঠা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করাসহ মাদ্রাসার ই-মেইলে প্রেরণ করা হলো। ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্টসমূহের কার্যক্রম ১০ আগস্ট ২০২১ তারিখ থেকে শুরু হবে।

উল্লেখ্য সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক শিক্ষার্থীরা তাদের সম্পন্নকৃত অ্যাসাইনমেন্ট (সরাসরি/অনলাইনে) শিক্ষা প্রতিষ্ঠানে জমাপ্রদান করবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিডসহ কভার পৃষ্ঠা।

- ১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/  
সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।  
২। অধ্যক্ষ ..... (সকল বেসরকারী মাদ্রাসা)।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার (সকল)  
২। জেলা প্রশাসক (সকল)  
৩। আঞ্চলিক উপ-পরিচালক (সকল)  
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)  
৫। জেলা শিক্ষা অফিসার (সকল)  
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

তঁর আওতাধীন সকল আলিম, ফাজিল ও কামিল  
মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিত করার জন্য  
অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ, ঢাকা।  
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৫। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধসহ)।  
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্বাক্ষর  
১০/০৮/২১

মোঃ জিয়াউল আহসান  
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০১৯২  
[ziaulhasan0000@gmail.com](mailto:ziaulhasan0000@gmail.com)

স্বাক্ষর  
০৭/০৮/২০২১

মোঃ সুলতান আহমেদ  
সহকারী পরিচালক  
(প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর